# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 18-09-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ কলকাতায় এক অনুষ্ঠানে বলেছেন, পরবর্তী প্রজন্মের জি এস টি সংস্কারের ফলে দেশের প্রতিটি মানুষ উপকৃত হবেন।

জি এস টি হারের পরিবর্তন ও সরলীকরণ এবং বাজেটে প্রত্যক্ষ কর ছাড় দেশের সাধারণ মানুষের আয় বাড়িয়েছে বলে অর্থমন্ত্রকের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ডক্টর ভি অনন্ত নাগেশ্বরণ অভিমত ব্যক্ত করেছেন।

২) রাজ্যে ভোট কেন্দ্রের একটি নতুন অন লাইন তথ্য ভান্ডার তৈরির প্রস্তুতি শুরু করেছে, মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর।

৩) পর্যটনের পরে লজিস্টিককেও শিল্পের মর্যাদা দিল রাজ্য সরকার।

৪) শিলিগুড়ির ব্যাঙ্গডুবি মিলিটারি স্টেশনে আজ sparsh আউটরীচ প্রোগ্রামের মাধ্যমে অবসরপ্রাপ্ত সেনাকর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সমস্যার সমাধান করা হয়েছে।

৫) ভারতীয় জলসীমায় ঢোকায় দক্ষিণ ২৪ পরগনা থেকে আরও ১৩ জন বাংলাদেশী মৎস্যজীবীকে পুলিশ গ্রেফতার করেছে। এই নিয়ে এক সপ্তাহেরও কম সময়ে ধৃত ৩১ জন মৎস্যজীবী ।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, পরবর্তী প্রজন্মের GST সংস্কার - এর ফলে দেশের প্রতিটি মানুষ উপকৃত হবেন। এছাড়াও এই হার কমার ফলে দেশের অর্থনীতিতে আরও অন্তত দু লক্ষ কোটি টাকা অন্তর্ভুক্ত হবে। তিনি আজ কলকাতার জাতীয় গ্রন্থাগারের ভাষাভবণে পরবর্তী প্রজন্মের পণ্য পরিষেবা কর কমিটির বৈঠকে বলেন, মহালয়ার পরের দিন থেকেই এই পরিবর্তিত gst হার কার্যকর হতে চলেছে। বাংলা সবার থেকে এগিয়ে - এই পরিসংখ্যান দিয়ে তিনি বলেন gst র এই পরিবর্তন বাংলার মানুষকে পুজোর উপহার।

"পণ্য ও পরিষেবা করের হারে" পরিবর্তনের পর এই প্রথম কলকাতা সফরে এসে অর্থমন্ত্রী বলেন,পণ্য পরিষেবা কর পরিবর্তনের সময় এই রাজ্যের কথাও মাথায় রাখা হয়েছে। বাংলার বেশ কিছু জনপ্রিয় সামগ্রীর ক্ষেত্রে জিএসটির হার পরিবর্তন করে মাত্র পাঁচ শতাংশ করা হয়েছে।

(বাইট – সীতারমন)

শ্রীমতী সীতারমন আরও বলেন, শুধুমাত্র করের হার কমিয়ে মানুষকে স্বস্তি দেওয়াই নয়, বরং সংস্কার ও সরলীকরণের মাধ্যমে দেশের সার্বিক কর ও রাজস্ব ব্যবস্থাকে যুগোপযোগী করে তোলাই নতুন যুগের জিএসটি সংস্কারের উদ্দ্যেশ্য। ৮ বছর আগে চালু হওয়া পণ্য পরিষেবা কর কাঠামো ঢেলে সাজানোর আগে প্রতিটি বিষয় পুঙ্খানুপুঙ্খ ভাবে পর্যালোচনা করা হয়েছে। রাজ্যগুলির মতামত নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার, বিশিষ্ট অর্থনীতিবিদ বিধায়ক অশোক লাহিড়ী, স্বপন দাশগুপ্ত, দীনেশ ত্রিবেদী প্রমুখ উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

জি এস টি হারে পরিবর্তন ও সরলীকরণ এবং বাজেটে প্রত্যক্ষ কর ছাড়, দেশের সাধারণ মানুষের আয় বাড়িয়েছে বলে অর্থ মন্ত্রকের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ড ভি অনন্থ নাগেশ্বরন অভিমত ব্যক্ত করেছেন । পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার দেশের জিডিপি বৃদ্ধিতেও সাহায্য করবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

ড. নাগেশ্বরণ আজ ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ তম বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানে যোগ দিয়ে বলেন, বিগত ৬ বছরে দেশের রেকর্ড পরিমাণ অর্থনৈতিক উন্নয়ন হয়েছে।

(বাইট – নাগেশ্বরণ)

এই উন্নয়নের ফলে মুদ্রাস্ফীতি কমেছে ।

চলতি অর্থবছরের প্রথম ত্রৈমাসিকে রেকর্ড GDP বৃদ্ধির পর দ্বিতীয় ত্রৈমাসিকেও একই পরিমাণ রেকর্ড হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার , পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার -কে বাংলামুখি বলে দাবি করেছেন। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন,বাংলার কথা ভেবে প্রধানমন্ত্রী এই জিএসটি রিফর্ম চালু করেছেন। (এই জিএসটি রিফর্মে বাংলার পণ্য বিশেষ করে বাঁকুড়ার টেরাকোটা, মেদিনীপুরের মাদুর,পুরুলিয়ার ছৌ নাচের মুখোশ অথবা শান্তিনিকেতনের লেদারের পণ্য সহ বিভিন্ন ক্ষেত্রে কর ১২শতাংশ থেকে কমিয়ে পাঁচ শতাংশ করা হয়েছে।)

শ্রী মজুমদার এর জন্য প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সিতারামনকে ধন্যবাদ জানিয়েছেন।

oooooooooooooooooooo

রাজ্যে ভোট কেন্দ্রের একটি নতুন অনলাইন তথ্য ভান্ডার তৈরির প্রস্তুতি শুরু করেছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। প্রতিটি বুথের অবস্থান, পরিকাঠামো এবং সুযোগ-সুবিধার বিস্তারিত তথ্য এক জায়গায় সংরক্ষণ করার উদ্দেশ্যে এই তথ্য ভান্ডার প্রস্তুত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এতদিন পর্যন্ত বুথ সংক্রান্ত এইসব তথ্য জেলা ও ব্লক প্রশাসনের উপর নির্ভরশীল ছিল। পুরোনো বুথগুলির মেরামত বা কাঠামোগত পরিবর্তনের জন্য বরাদ্দ অর্থ নিয়েও সিইও অফিসের কাছে পূর্ণাঙ্গ তথ্য ভান্ডার নেই। ফলে ব্যয় বৃদ্ধি কিংবা নতুন বাজেটের প্রয়োজন হলে নির্বাচন কমিশনকে যথাযথ রিপোর্ট দেওয়া কঠিন হয়ে পড়ত।

ooooooooooooooooooo

নির্বাচন সংক্রান্ত কাজকে আরও মসৃনভাবে এগিয়ে নিয়ে যেতে ভোটের কাজে যুক্ত কর্মীদের জন্যে নির্বাচন কমিশন একটি নতুন পোর্টাল চালু করেছে। emms.wb.gov.in নামে এই পোর্টালটির আজ ভার্চুয়াল উদ্বোধন করেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল।

উল্লেখ্য আগামী বিধানসভা নির্বাচনে রাজ্যে প্রায় ১৪ হাজার ভোট গ্রহন কেন্দ্রের সংখ্যা বৃদ্ধির ফলে বুথ লেভেল আধিকারিক সহ ৩২ হাজার অফিসের যাবতীয় তথ্য এই পোর্টালে সংরক্ষিত করা হবে বলে সিইও দপ্তর সূত্রে জানা গিয়েছে।

ooooooooooooooooooo

পর্যটনের পরে লজিস্টিককেও শিল্পের মর্যাদা দিল রাজ্য সরকার। ২০২৩ সালে লজিস্টিক নীতি তৈরী হয়েছিল। এবার শিল্পের মর্যাদাও দেওয়া হলো। এরফলে রাজ্যে কর্ম সংস্থানের সুযোগ ও বাড়বে।

পাশাপাশি মন্ত্রিসভার বৈঠকে তাজপুর, ডানকুনি, রঘুনাথপুর আর্থিক করিডরের আশেপাশে শিল্প স্থাপনের জন্য শিল্প উন্নয়ন নিগমকে ২০০ একর জমি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এছাড়া নিউটাউন কলকাতা উন্নয়ন সংস্থা জন্য নতুন ১৫-টি পদ সৃষ্টি করার প্রস্তাবেও অনুমোদন দেওয়া হয়েছে।

ooooooooooooooooo

শিলিগুড়ির ব্যাঙ্গডুবি মিলিটারি স্টেশনে আজ sparsh আউটরীচ প্রোগ্রাম এর আয়োজন করা হয়। 'কন্ট্রোলার অফ ডিফেন্স একাউন্ট' আয়োজিত এই অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত সেনাকর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের পেনশন সংক্রান্ত সমস্যার সমাধান করা হয়। উপস্থিত ছিলেন চিফ অফ ডিফেন্স স্টাফ অনিল চৌহান। ২০০০-এরও বেশি অবসরপ্রাপ্ত সেনাকর্মী ও তাদের পরিবারের সদস্যরা আজকের অনুষ্ঠানে যোগ দেন।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন –

(বাইট)

শ্রী চৌহান বলেন, ভারতীয় সেনা সবসময় অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের পাশেই রয়েছে এবং থাকবেও। সরকার ও সেনা তাদের যেকোন সমস্যা, গুরুত্ব দিয়েই সমাধান করছে।

কন্ট্রোলার অফ ডিফেন্স একাউন্ট হিমাংশু শঙ্কর জানান, আজকের এই আউটরীচ কর্মসূচীতে আটশো-র বেশি সেনাকর্মী ও তাদের পরিবার লাভবান হয়েছেন।

বিভিন্ন কারনে এখনো পর্যন্ত যে সমস্ত পেনশন সংক্রান্ত জটিলতার সমাধান হয়নি, SPARSH আউটরীচ প্রোগ্রামের মাধ্যমেই সেগুলোর সমাধান করা হবে।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ ভারতীয় জাদুঘরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কে নিয়ে আয়োজিত এক প্রদর্শনী দেখতে যান। সাংবাদিকদের তিনি বলেন,প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে গতকাল , তার জীবনের বিভিন্ন আঙ্গিক নিয়ে এই

প্রদর্শনী শুরু হয়েছে। ২১ তারিখ পর্যন্ত প্রদর্শনী হওয়ার কথা থাকলেও তা বাড়িয়ে পুরো সেবা পক্ষকাল করা হচ্ছে বলেও তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় পুরস্কারপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্যের ছবি " চলো জিতে হ্যায়" আজ কলকাতার সাউথসিটি, অ্যাক্রোপলিস এবং সিনেপলিস মলে প্রদর্শিত হচ্ছে। অন্যের জন্য বাঁচাই প্রকৃত বাঁচা স্বামী বিবেকানন্দর প্রচারিত এই দর্শনের উপর ভিত্তি করে নির্মিত ছবিটি ২ অক্টোবর পর্যন্ত গোটা দেশে দেখানো হবে। ২০১৮- সালে মুক্তি পাওয়ার পর " চলো জিতে হ্যায়" ছবিটি দেশজুড়ে অন্যতম সর্বাধিক প্রদর্শিত স্বল্প দৈর্ঘ্যের ছবি হিসেবে স্বীকৃতি পেয়েছিল। ছবিটি দেখে উচ্ছ্বসিত দর্শকরা। এক দর্শক রাহুল রায় জানালেন -

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের যোগ্য কর্মচারী এবং অবসরপ্রাপ্তদের জন্য ন্যাশনাল পেনশন সিস্টেম (এনপিএস) থেকে ইউনিফাইড পেনশন স্কিম (ইউপিএস)-এ স্থানান্তরের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর বলে অর্থ মন্ত্রক আজ জানিয়েছে। এক বিবৃতিতে বলা হয়েছে, ইউপিএস-এর আওতায় যোগ্য কর্মচারীরা শুধুমাত্র একবার এনপিএস-এ স্থানান্তর করতে পারবেন। অবসর গ্রহণের অন্তত এক বছর আগে বা স্বেচ্ছা অবসরের তিন মাস আগে এই স্থানান্তরের সিদ্ধান্ত নিতে হবে। কর্মচারীদের অবসর-পরবর্তী আর্থিক নিরাপত্তার পরিকল্পনায় বাছাইয়ের সুযোগ দেওয়া এই পদক্ষেপের লক্ষ্য ।

০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় জলসীমায় ঢুকে পড়ায় দক্ষিণ ২৪ পরগণা থেকে আরও ১৩ জন বাংলাদেশী মৎস্যজীবীকে গ্রেফতার করেছে পুলিশ। এই নিয়ে ৫ দিনের ব্যবধানে জেলায় মোট ৩২ জন বাংলাদেশী মৎস্যজীবীকে গ্রেফতার ও ২-টি ট্রলার আটক করা হলো।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ভারতীয় উপকূলরক্ষী বাহিনী গতকাল বাংলাদেশের একটি ট্রলার সহ তাদের আটক করে। মায়ের দয়া নামে ওই ট্রলারটি বাংলাদেশের জলসীমা অতিক্রম করে ভারতীয় জলসীমায় ঢুকে  পড়ে। ট্রলারটি থেকে ধৃত ১৩ জন মৎস্যজীবীকে  আজ কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

উল্লেখ্য, এর আগে গত ১২ সেপ্টেম্বর রাতে সুন্দরবনের খিরোদখালি থেকে ট্রলার সহ ১৯ জন মৎস্যজীবীকে গ্রেফতার করে সুন্দরবন কোস্টাল থানা।

oooooooooooooooooooo

বীরভূমের রামপুর হাটে নাবালিকা খুনের ঘটনায়,উত্তেজিত গ্রাম বাসিরা আজ রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায়। উত্তেজিত গ্রামবাসীরা ওই স্কুলের ্প্রধান শিক্ষককে আজ মারধর ও  বাকি শিক্ষকদের স্কুলের মধ্যেই তালাবন্ধ করে  রেখে দেয় । আগে কেন ধৃত শিক্ষকের বিরুদ্ধে  আগে কেন  কোনো ব্যাবস্থা হয়নি সেই প্রশ্ন ও তোলেন তারা।

পরে পুলিশ গিয়ে  প্রধান শিক্ষক ও অন্য শিক্ষকদের  উদ্ধার করে।পুলিশ সূত্রে জানা গেছে, পরিস্থিতি  এখন নিয়ন্ত্রণে। তবে ঘটনাস্থলে পুলিশ মোতায়ন আছে।

এদিকে রামপুরহাটে সপ্তম শ্রেণীর স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের প্রতিবাদে AIDSO-AIDYO-AIMSS-আজ  কলকাতার  হাজরা মোড়ে বিক্ষোভ মিছিল ও অবরোধ করে।

oooooooooooooooooo

oooooooooooooooooo